

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
নিরাপত্তা-২ শাখা  
[www.moha.gov.bd](http://www.moha.gov.bd)

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৫৫.০৩১.৩১.০৩৬.২২-১৩০

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩  
২৯ এপ্রিল ২০২৬

পরিপত্র

বিষয়: 'A3' ভিসা ক্যাটাগরীতে বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকদের নামে ইস্যুকৃত ওয়ার্ক পারমিটের পরিপ্রেক্ষিতে নিরাপত্তা ছাড়পত্র প্রদান।

ভিসা নীতিমালা, ২০০৬ এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত বিদেশি প্রকর্মীদের ভিসা সুপারিশ ও বিদেশি প্রকর্মীদের কর্মানুমতি প্রদানের কর্মপদ্ধতি, ২০২৩ অনুযায়ী 'A3' ভিসা ক্যাটাগরীতে কর্মরত বিদেশি নাগরিকদের ভিসা প্রদান এবং নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের বিষয়ে নিম্নরূপ স্পষ্টিকরণ করা হলো:

- (ক) বাংলাদেশে আগত বিদেশি নাগরিকগণের 'A3' ভিসা ক্যাটাগরীতে (বাংলাদেশে কোন বিদেশি প্রকর্মী নিয়োগ প্রাপ্ত হয়ে চাকুরি করলে অথবা বিনিয়োগকারী হিসেবে বাংলাদেশে অবস্থান করে কর্মে নিযুক্ত হলে তাদের কর্মানুমতি গ্রহণ বাধ্যতামূলক) নতুনভাবে ভিসা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হতে কার্যানুমতি (Work Permit) বাধ্যতামূলকভাবে গ্রহণ করতে হবে;
- (খ) 'A3' ক্যাটাগরীর ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে নিরাপত্তা ছাড়পত্র গ্রহণের পূর্বে Work Permit নবায়ন করতে হবে;
- (গ) উক্ত ক্যাটাগরীতে কর্মরত বিদেশি নাগরিকদের ব্যাংকের মাধ্যমে বেতন-ভাতাদি গ্রহণ করতে হবে এবং Tax Identification Number (TIN) থাকতে হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(ইসরাত জাহান)

উপসচিব

ফোন: ০২-৫৫১০১১৪৭

ই-মেইল: [security2@moha.gov.bd](mailto:security2@moha.gov.bd)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ, সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
- ৪। সিনিয়র সচিব/সচিব ----- মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট সকল)
- ৫। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রের অনুলিপি সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
- ৭। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ, পুলিশ, ঢাকা
- ৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
- ৯। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা
- ১০। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা
- ১১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)/ বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)/ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), ঢাকা
- ১২। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, বাংলাদেশ হাই-টেকপার্ক কর্তৃপক্ষ, ঢাকা
- ১৩। স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। অতিরিক্ত সচিব (নিরাপত্তা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৭। অফিস কপি/মাস্টার কপি